

স্মারক নং- ইআবি/জনসংযোগ ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০২০/০০১২

১৯ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ

তারিখ: ০৪ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

১৭ রবিউল আউয়াল, ১৪৪২ হিজরী

বরাবর

সম্পাদক

সকল দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়া

দৃষ্টি আকর্ষণ: বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার/ শিক্ষা রিপোর্টার।

বিষয়: সংবাদ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকা/ইলেকট্রনিক মিডিয়া/ অনলাইন মিডিয়া সহ সকল প্রচার মাধ্যমে প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংবাদ বিজ্ঞপ্তি


ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উদযাপন

পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে আজ দুপুর ১২.০০ টায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আলোচনা সভা, নাতে রাসুল (সা.) এর আসর, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন হযরত মুহাম্মদ (সা.) আখেরী নবী। তার প্রমান হলো, তাঁর পর পৃথিবীতে আর কোন নবী আসেনি। আল-কুরআনের পর আর কোন আসমানী গ্রন্থ নাথীল হয়নি। রসুলের আদর্শ হলো জাতিভেদ, বর্ণভেদ, সাম্প্রদায়িকতা ইত্যাদি ভুলে উদারতা ও সহমর্মিতা সকলে মিলেমিশে সুন্দর জীবন যাপন করা।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জনাব এ. এস. মাহমুদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ট্রেজারার জনাব এস. এম. এহসান কবীর।

অনুষ্ঠানে হামদ ও নাতে রসুল (সা.) পরিবেশন করা হয়। অনুষ্ঠান শেষে দেশ ও জাতির কল্যাণে এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নে দোয়া ও মোনাজাত করা হয়। দোয়া ও মোনাজাত পরিচালনা করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সিডিকেট সদস্য ও মদীনা তুল উলুম মডেল ইনস্টিটিউট বালক কামিল মাদরাসার অধ্যক্ষ মাওলানা মোঃ আব্দুর রাজ্জাক।

আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর সিরাজ উদ্দিন আহমাদ, উপ-রেজিস্ট্রার ড. মোঃ আবু হানিফা, সহকারী অধ্যাপক ড. জাভেদ আহমাদ, সহকারী রেজিস্ট্রার জনাব মোঃ জাকির হোসেন ও জনাব ফাহাদ আহমদ মোমতাজী, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ জিয়াউর রহমান সহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।



(এ. এস. মাহমুদ)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

২. অফিস নথি।